দুরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

# CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৪৩/২০২৫

তারিখঃ২২/০৭/২০২৫ খ্রি.

**সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, নৌপরিবহন মন্ত্রণালয়, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বিল রাজস্ব-২ শাখা এর জারিকৃত বিজ্ঞপ্তি নং- ১৮.১৩.০০০০.০০০.৫৫৩.১৬.০০০২.২৫.১/৫৩৪(২৭), তারিখ: ১৪/০৭/২০২৫ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

মোঃ মির্জানুর রহমান
সচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**নৌপরিবহন মন্ত্রণালয়**
**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**
**বিল রাজস্ব-২ শাখা**
www.cpa.gov.bd

নম্বর: ১৮.১৩.০০০০.০০০.৫৫৩.১৬.০০০২.২৫.১/৫৩৪(২৭)

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৪ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: **অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে চবক এর বন্দর মাশুল পরিশোধ প্রসঙ্গে।**

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের যাবতীয় রাজস্ব আহরণ আরও সহজ, দ্রুত এবং আধুনিকায়ন করার লক্ষ্যে চবক কর্তৃক অনলাইন ব্যাংকিং কার্যক্রম শুরু হয়েছে। এ উদ্যোগের আওতায় এখন থেকে চবক এর তালিকাভুক্ত সকল শিপিং এজেন্ট এবং সিএন্ডএফসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ চবক এর মাশুলসমূহ যেকোন তফসিলি ব্যাংক হতে অনলাইন ব্যাংকিং (Internet/RTGS/BEFTN) এর মাধ্যমে পরিশোধ করতে পারবে। অনলাইনে বিল পরিশোধের ক্ষেত্রে বন্দর ব্যবহারকারীগণ cpatos.gov.bd/pcs ওয়েবসাইটে প্রবেশ করে আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে চবক মাশুল পরিশোধ করতে পারবে। (এ সংক্রান্ত ভিডিও টিউটোরিয়াল/নির্দেশিকা গ্রহণকারী ব্যাংকের তথ্যসহ উক্ত ওয়েবসাইটে সংরক্ষিত আছে)। যেসকল ব্যবহারকারীর আইডি ও পাসওয়ার্ড নাই সে সকল ব্যবহারকারী TOS এর e-mail: rabiul@cpatos.gov.bd, whatsapp/Mobile: 01854-599196 এ যোগাযোগ করে আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবে।
উল্লেখ্য, চবক মাশুল অনলাইনে পরিশোধকালে শিপিং এজেন্ট এবং সিএন্ডএফসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণকে চবক এর Bill Reference Number সহ বিলের সকল তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। সকল শিপিং এজেন্ট এবং সিএন্ডএফসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ চবক মাশুল পরিশোধের প্রমাণক হিসেবে Transaction Reference Number সংরক্ষণ করবে।
ইহা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/
মোহাম্মদ আবদুস শাকুর
প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা